



যুক্তরাষ্ট্রের সঙ্গে যুদ্ধের জন্য প্রস্তুত ইরান: পররাষ্ট্রমন্ত্রী



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে আবার যুদ্ধ শুরু হলে যেকোনো পরিস্থিতি মোকাবিলায় ইরান প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। হরমুজ প্রণালি নিয়ে দুই দেশের উত্তেজনার মধ্যেই এ মন্তব্য করলেন তিনি।

হরমুজ প্রণালি পুনরায় খুলে দিতে তেহরানের দেওয়া সাত দিনের রোডম্যাপ ওয়াশিংটন প্রত্যাখ্যান করার পর আরাঘচির এই বক্তব্য আসে। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে সংঘাত শুরু হলে ইরান তার জন্য প্রস্তুত রয়েছে।

এদিকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, চলতি সপ্তাহে ইরানের সঙ্গে নতুন করে আলোচনা হতে পারে। একই সঙ্গে তিনি দাবি করেছেন, যুক্তরাষ্ট্র খুব শিগগিরই যুদ্ধে জয়ী হবে।

অন্যদিকে ইরানে হামলায় যুক্তরাষ্ট্রের ব্যবহৃত একটি ব্রিটিশ বিমানঘাঁটির কাছে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে। বিস্ফোরক-সংক্রান্ত অপরাধ ও সম্ভাব্য জড়িত থাকার সন্দেহে তাদের আটক করা হয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

যুদ্ধ বন্ধে নতুন করে আলোচনার সম্ভাবনা থাকলেও হরমুজ প্রণালিকে ঘিরে ইরান-যুক্তরাষ্ট্রের উত্তেজনা এখনো অব্যাহত রয়েছে। দুই দেশের অবস্থানের মধ্যেও বড় ধরনের পার্থক্য রয়েছে।